



৭ম শ্রেণির (৫ম সপ্তাহ) এ্যাসাইনমেন্ট জমা দেওয়ার তারিখঃ ০৫/১২/২০২০  
সময়ঃ সকাল-১০.০০ থেকে দুপুর-১.০০ পর্যন্ত বিদ্যালয়ের অফিসে

শ্রেণি- ৭ম

এ্যাসাইনমেন্ট-২

বিষয়-গণিত

এ্যাসাইনমেন্টের ক্রম	অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম	এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ
নির্ধারিত কাজ-২	দ্বিতীয় অধ্যায়: সমানুপাত ও লাভ-ক্ষতি  তৃতীয় অধ্যায়: পরিমাপ  ষষ্ঠ অধ্যায়: বীজ গণিতীয় ভগ্নাংশ	<p>সৃজনশীল প্রশ্ন:</p> <p>১। কাপড় ব্যবসায়ী আমীন ও সজল যথাক্রমে ৪ ঘন্টায় ৫০ কি: মি: ও <math>3\frac{1}{2}</math> ঘন্টায় <math>৫২\frac{1}{2}</math> কি: মি: পথ অতিক্রম করে নারায়ণগঞ্জ পৌঁছল। ব্যবসায় তারা ২,২০,০০০ টাকা বিনিয়োগ করে ১০% লাভ পেল এবং লভ্যাংশ তাদের গতিবেগের অনুপাতে ভাগ হলো। (ক) সজলের ঘন্টায় গতিবেগ নির্ণয় কর। (খ) আমীন ও সজলের গতিবেগের অনুপাত বের কর। (গ) আমীন ও সজল প্রত্যেকে কত টাকা লভ্যাংশ পেয়েছে তা নির্ণয় কর।</p> <p>২। তিনটি বীজগণিতীয় ভগ্নাংশ হলো <math>\frac{a}{a^2 + a - 2}</math>, <math>\frac{2}{a^2 + 3a + 2}</math>, <math>\frac{a}{a^2 - 1}</math> (ক) প্রথম ভগ্নাংশের হরকে উৎপাদকে বিশ্লেষণ কর। (খ) ভগ্নাংশ তিনটির হরের ল. সা. গু. নির্ণয় কর। (গ) দ্বিতীয় ও তৃতীয় ভগ্নাংশের যোগফল থেকে প্রথম ভগ্নাংশটি বিয়োগ কর।</p> <p>সংক্ষিপ্ত প্রশ্ন:</p> <p>১। ২ মাইল এবং ৩ কিলোমিটারের পার্থক্য কত মিটার? ২। একটি ঘনকের একটি তলের পরিসীমা ১২ মিটার হলে এর আয়তন কত? ৩। একটি গ্রাসে ২৫০ মিলিলিটার পানি ধরে। এরূপ ২৫টি গ্রাসের পানি দ্বারা একটি পানির পাত্র সম্পূর্ণরূপে ভরা যায়। পাত্রটিতে কত লিটার পানি ধরে? ৪। সরকারি ব্যবস্থাপনায় প্রতিদিন ৮ ঘন্টা করে ট্রাকে চাল বিক্রি করা হয়। গড়ে প্রতি ঘন্টায় ২৮০ কেজি ৫০০ গ্রাম চাল বিক্রি করা হলে প্রতিদিন কত মেট্রিক টন চাল বিক্রি করা হয়? ৫। তোমার পড়ার টেবিলের প্রস্থ ২ ফুট এবং দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ। টেবিলটির উপরি তলের ক্ষেত্রফল কত? ৬। জনাব চৌধুরী প্রতিদিন প্রাতঃভ্রমণের জন্য তার আয়তাকার বাগানের চারদিকে চার চক্র দেন। তার বাগানটির দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ এবং বাগানটির দৈর্ঘ্য ১২০ মিটার। প্রাতঃভ্রমণে তিনি কত কিলোমিটার হাঁটেন? ৭। অনু তার খাতায় একটি সামান্তরিক একে মেপে দেখল যে, এর ভূমি ৭.৫ সেন্টিমিটার এবং উচ্চতা ৪.২৫ সেন্টিমিটার। অনুর আঁকা সামান্তরিকটির ক্ষেত্রফল কত? ৮। একটি ত্রিভুজের ভূমি ৬ সেন্টিমিটার ৫০ মিলিমিটার এবং উচ্চতা ৪০০ মিলিমিটার এর ক্ষেত্রফল কত বর্গসেন্টিমিটার? ৯। ৭ কিলোমিটার ৭ সেন্টিমিটার = কত মিটার? ১০। উত্তর মেনু থেকে বিষুবরেখা পর্যন্ত দূরত্বের কত ভাগের এক ভাগকে এক মিটার বলে?</p>

শ্রেণি-৭ম

এ্যাসাইনমেন্ট-৩

বিষয়-বিজ্ঞান

এ্যাসাইনমেন্টের ক্রম	অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম	এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ
নির্ধারিত কাজ-৩	নবম অধ্যায়: তাপ ও তাপমাত্রা আদ্রতা ও বায়ুচাপের উপর তাপমাত্রার প্রভাব তাপমাত্রার পরিমাপ তাপ সঞ্চালন	<p>প্রশ্ন ১: লাবিব একটি লৌহ দণ্ড নিয়ে তার একপ্রান্তে মোমবাতির সাহায্যে উত্তপ্ত করল। কিছুক্ষণ পর সে দেখল দণ্ডটির অপর প্রান্ত গরম হয়ে গেছে এবং থার্মোমিটারের সাহায্যে মেপে দেখল তাপমাত্রা ৫০ ডিগ্রী সেলসিয়াস। ক) তাপ সঞ্চালন কাকে বলে ? খ) তাপমাত্রা বাড়লে বায়ুমণ্ডলের চাপ কমে যায় কেন? গ) দণ্ডের তাপমাত্রা ফারেনহাইট স্কেলে নির্ণয় কর। ঘ) উদ্ভীপকের আলোকে বস্তুতে কোন পদ্ধতিতে তাপ সঞ্চালিত হয়েছে? বিশ্লেষণ কর।</p> <p>সংক্ষিপ্ত প্রশ্ন:</p> <p>১। গরম হ্যারিকেনের চিমনিতে ঠান্ডা পানি পড়লে চিমনি ফেটে যায় কেন?</p>



৭ম শ্রেণির (৫ম সপ্তাহ) এ্যাসাইনমেন্ট জমা দেওয়ার তারিখঃ ০৫/১২/২০২০  
সময়ঃ সকাল-১০.০০ থেকে দুপুর-১.০০ পর্যন্ত বিদ্যালয়ের অফিসে

শ্রেণি-৭ম

এ্যাসাইনমেন্ট-২

বিষয়- ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা

এ্যাসাইনমেন্টের ক্রম	অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম	এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ
নির্ধারিত কাজ-২	চতুর্থ অধ্যায়: আখলাক	জনাব 'ক' নিয়মিত মার্জিত বেশভূষায় অফিসে আসা-যাওয়া করেন। সহকর্মী ও সেবাগ্রহনকারী সবাই তার ব্যবহারে মুগ্ধ। তার সহকর্মী জনাব 'খ' তার এলাকার অসুস্থ-পীড়িত পশু-পাখি, বিরান-বিপন্ন গাছ-গাছালির পরিচর্যার জন্য একটি বহুমুখী ইনস্টিটিউশন পরিচালনা করেন। গ. জনাব 'ক' এর মধ্যে আখলাকে হামিদাহর কোন গুণটি বিদ্যমান? ব্যাখ্যা কর। ঘ. জনাব 'খ' এর কার্যক্রমটি তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর।

শ্রেণি-৭ম

এ্যাসাইনমেন্ট-২

বিষয়- হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা

এ্যাসাইনমেন্টের ক্রম	অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম	এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ
নির্ধারিত কাজ-২	পঞ্চম অধ্যায়: দেব-দেবী ও পূজাপার্বণ	নিচের বিষয়গুলো অন্তর্ভুক্ত করে লক্ষ্মীপূজার একটি প্রতিবেদন তৈরি কর- (১) পূজার স্থান (২) দেবীর প্রতিমা (৩) উপাচারসমূহ (৪) পূজা পদ্ধতি (৫) পুষ্পাঞ্জলির মন্ত্র (৬) লক্ষ্মীপূজার শিক্ষা ও প্রভাব